দৈনিক খবর

তারিখ 07 MAR 1993
পৃষ্ঠা ৪ কলাম ৪

216

# শিক্ষা প্রতিমন্ত্রীর সংগে বাসমাশিস নেতাদের সাক্ষাৎ

গত ৪ঠা মার্চ সকাল ১০টায় শিক্ষা প্রতিমন্ত্রী ইউনুস খান সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির (বাসমাশিস) কর্মকর্তাদের সংগে শিক্ষা মন্ত্রণালয়ের সভা কক্ষে এক বৈঠকে মিলিত হন। সভার মন্ত্রণালয়ের পক্ষে শিক্ষা সচিব, যুগ্ম শিক্ষা সচিব ও শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং সমিতির পক্ষে সভাপতি সেকান্দার আলী খলিফা, সহ-সভাপতি বেগম লুৎফা ও হাওলাদার আবদুল করিম, মহাসচিব মোঃ তোয়াহা, কোষাধ্যক্ষ আবুল বাশার, অডিটর হাবিবুল্লাহ খান ও সদস্য মোঃ আবদুল আজিজ ও জহিরুল আলম উপস্থিত ছিলেন।

সভায় শিক্ষা প্রতিমন্ত্রীর কাছে ১২ দফা দাবী ব্যাখ্যাসহ উপস্থাপন করেন সংগঠনের সভাপতি সেকান্দার আলী খলিফা। শিক্ষা প্রতিমন্ত্রী ও শিক্ষা সচিব অনেকগুলো দাবীর সংগে ঐক্যমত পোষণ করেন এবং সহকারী শিক্ষকগণের গেজেটেড পদমর্যাদা পুনর্বহাল, মাধ্যমিক শাখার শূন্য পদসমূহ পূরণ এবং প্রশাসনিক স্তরে মাধ্যমিক শাখার জন্য মাধ্যমিক স্তরে কর্মরত শিক্ষকবৃন্দ থেকে কর্মকর্তা নিয়োগসহ বেশ কয়েকটি দাবী অবিলম্বে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার আশ্বাস প্রদানকরেন।

অবশেষে মাননীয় শিক্ষা প্রতিমন্ত্রী শিক্ষার মান উন্নয়নের এবং শিক্ষাকে যুগোপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে শিক্ষকবৃন্দকে নিবেদিত প্রাণ কর্মী হওয়ার আহবান জানান। শিক্ষা সচিব শিক্ষক দিগকে জাতির প্রয়োজনে উৎপাদন মুখী তথা বাস্তবমুখী শিক্ষা প্রদানের আহবান জানান। প্রেস বিজ্ঞপ্তি।

SHEETS